গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০৩.২০.১১৮ তারিখ: ৭ শ্রাবণ ১৪২৭
২২ জুলাই ২০২০

বিষয়: **বন্যাদুর্গত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের জন্য জরুরিভিত্তিতে খুলে দেওয়া, সহযোগিতা প্রদান, তথ্য প্রেরণ ও কর্মস্থল ত্যাগ না করা।**

সূত্র: মাউশি অধিদপ্তরের বিজ্ঞপ্তি নম্বর ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০৩.২০.৭৯ তারিখ: ১০ জুলাই, ২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে চলমান বন্যাদুর্গত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) সংশ্লিষ্ট এলাকার ক্ষতিগ্রস্ত জনসাধারণের অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের লক্ষ্যে জরুরিভিত্তিতে খুলে দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। একইসঙ্গে বন্যাদুর্গত এলাকায় অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল পর্যায়ের দপ্তর ও সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় প্রশাসন/দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সম্পৃক্ত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণ করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়েছিল (অনুলিপি সংযুক্ত)। উক্ত বিজ্ঞপ্তির নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক, উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ বাস্তবায়ন নিশ্চিত করবেন।

২। চলমান বন্যা পরিস্থিতির কারণে এবং করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সকল পর্যায়ের দপ্তর/সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ আসন্ন ঈদ-উল-আযহার সরকারি বা ঐচ্ছিক ছুটিতে কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

২২-৭-২০২০
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :
১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২) পরিচালক (সকল), উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট
৩) অধ্যক্ষ, সকল কলেজ
৪) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
৫) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা

৬) প্রধান শিক্ষক, সকল বিদ্যালয়
৭) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০৩.২০.১১৮/১(১৬২)

তারিখ: ৭ শ্রাবণ ১৪২৭
২২ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৩) প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৪) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা। (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭) সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৮) প্রশাসনিক কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
১০) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
১১) সংরক্ষণ নথি।

২২-৭-২০২০
মোঃ রুহুল মমিন
উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

নম্বর ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০৩.২০.৭৯

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৭
১০ জুলাই ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: **বন্যা দুর্গত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহারের জন্য জরুরিভিত্তিতে খুলে দেওয়া, সহযোগিতা প্রদান ও তথ্য প্রেরণ।**

১। চলমান বন্যা দুর্গত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) সংশ্লিষ্ট এলাকার ক্ষতিগ্রস্ত জনসাধারণের অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহারের জন্য জরুরিভিত্তিতে খুলে দিতে হবে। অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ নিম্নের ই-মেইলে প্রেরণসহ সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক ও উপপরিচালকের নিকট অনুলিপি প্রেরণ করবেন;

২। বন্যা দুর্গত এলাকায় অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল পর্যায়ের দপ্তর ও সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ স্থানীয় প্রশাসন/দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সম্পৃক্ত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন; এবং

৩। চলমান বন্যার কারণে যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয় তাহলে বন্যা পরিস্থিতির উন্নতি হলে দ্রুত সময়ের মধ্যে নিম্ন ছকে তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ সফট কপি (MS Word-মুডে) dsheflood2019@gmail.com ই-মেইল যোগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন:

## নমুনা ছক

| ক্রমিক নং | অঞ্চল | জেলা | উপজেলা | প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | ক্ষয়ক্ষতির বিবরণ | আনুমানিক ক্ষতির পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

১০-৭-২০২০
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
৪) অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজসমূহ
৫) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

৮) সহকারী পরিচালক-১, এইচআরএম ইউনিট , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

৯) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা

১০) প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহ

১১) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা

১২) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

১৩) সংরক্ষণ নথি।